দৈনিক সংবাদ

তারিখ ... 13 OCT 1990 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

167

### ছাত্রসমাবেশে নেতৃবৃন্দের বক্তব্য

# অত্যাচার আর নির্যাতনে দেশ আজ বিপর্যস্ত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গত বৃহস্পতিবার ছাত্রদের শান্তিপূর্ণ মিছিলে পুলিশী হামলা এবং গত বুধবার অবস্থান ধর্মঘট চলাকালে হত্যা ও পুলিশী নির্যাতনের প্রতিবাদে গতকাল শুক্রবার সর্বদলীয় ছাত্র ঐক্যের বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

ছাত্রনেতা আখতার সোবহান মাশরুরের সভাপতিত্বে জাতীয় প্রেসক্লাবের সামনে অনুষ্ঠিত সমাবেশে ছাত্রনেতা মোস্তাফিজুর রহমান বাবুল, অসীম কুমার উকিল, জাহাঙ্গীর সাত্তার টিংকু, শফি আহমেদ, নুহ আহমেদ বকুল, বজলুর রশীদ ফিরোজ, ফয়জুল হাকিম, আবদুস সাত্তার খান প্রমুখ নেতা বক্তব্য রাখেন।

ছাত্রনেতা ফজলুল হক মিলনের পরিচালনায় অনুষ্ঠিত সমাবেশে নেতৃবৃন্দ বলেন, স্বৈরাচারী সরকারের হত্যা, জুলুম, অত্যাচার-নির্যাতনে দেশ আজ বিপন্ন। দেশের এ সংকটকালে আমরা ছাত্রসমাজ সমবেত ও ঐক্যবদ্ধ হয়েছি। আজ আমাদের শপথ নিতে হবে এই স্বৈরাচারের পতন না হওয়া পর্যন্ত আমরা ঘরে ফিরে যাব না।

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## দেশ আজ বিপর্যস্ত

(১ম পাতার পর)

নেতৃবৃন্দ ক্ষমতা ভাগাভাগি নিয়ে মতবিরোধের অবসান ঘটিয়ে ঐক্যবদ্ধভাবে ছাত্রসমাজ এবং জনগণের দাবীকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানান।

সারা দেশের ছাত্রসমাজের প্রতি আহ্বান জানিয়ে নেতৃবৃন্দ বলেন, ছাত্রসমাজ গর্জে উঠুক, সময় এসেছে যে যেখানে আছেন, যার যা কিছু আছে তাই নিয়ে শত্রুর বিরুদ্ধে দাঁড়াতেহবে।

সমাবেশে গৃহীত প্রস্তাবে গত বুধবারের হত্যাকাণ্ডে এবং গত বৃহস্পতিবার ছাত্রদের মিছিলের ওপর পুলিশী হামলায় নিন্দা ও ক্ষোভ প্রকাশ করা হয়। প্রস্তাবে অবিলম্বে নিউজপ্রিন্ট, ডিজেল, পেট্রোল ও কেরোসিনের মূল্য হ্রাস এবং বাস, লঞ্চ ও ট্রেন ভাড়া কমানোর দাবী জানানো হয়।

সমাবেশ থেকে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের একজন সিন্ডিকেট সদস্যের পদত্যাগের দাবীতে আন্দোলনকে সমর্থন জানানো হয়।

সমাবেশশেষে একটি বিক্ষোভ মিছিল হাইকোর্ট মোড়, দোয়েল চত্বর হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে শেষ হয়।

### ছাত্র ধর্মঘট

গত বুধবার ছাত্র হত্যাসহ হত্যাকাণ্ড ও পুলিশী নির্যাতনের প্রতিবাদে সর্বদলীয় ছাত্র ঐক্য আজ সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট আহ্বান করেছে।

### নিন্দা ও প্রতিবাদ

বিভিন্ন ব্যক্তি, সামাজিক ও রাজনৈতিক সংগঠন পৃথক পৃথক বিবৃতিতে গত বৃহস্পতিবার ছাত্রদের মিছিলে পুলিশী হামলা এবং ছাত্রনেতৃবৃন্দসহ নিরীহ ছাত্র-জনতাকে আহত করায় নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছেন। বিবৃতিতে গত বুধবারের হত্যাকাণ্ড ও নির্যাতনেরও নিন্দা জ্ঞাপন করা হয়।

গণতন্ত্রী পার্টির সভাপতিমণ্ডলীর পক্ষে সভাপতি সৈয়দ আলতাফ হোসেন ও সাধারণ সম্পাদক আজিজুল ইসলাম খান এক বিবৃতিতে লাঠিচার্জ, টিয়ার গ্যাস, গুলী ও হত্যার নিন্দা এবং প্রতিবাদ করে আন্দোলনকে আরও বেগবান করার জন্যে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন।

বিবৃতিদাতা অন্যান্যের মধ্যে রয়েছেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বাংলাদেশ ওয়ার্কার্স পার্টি, জনতা মুক্তি পার্টি, গণআজাদী লীগ, জাসদ (ই-নু) ঢাকা মহানগরী, জাসদ (সিরাজ), জাতীয় শ্রমিক জোট ও ছাত্রলীগের (হা-অ) দপ্তর সম্পাদক এস, এম মোশাররফ হোসেন।